কৃষিই সমৃদ্ধি
বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা)
বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০২
বাংলাদেশ
আইসিটি শাখা

স্মারক নম্বর: ১২.২৪.০০০০.৩০৬.৩৪.০১০.২০.১০ তারিখ: ১৯ বৈশাখ ১৪৩০
০২ মে ২০২৩

বিষয়: **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সমূহ চালুকৃত থাকা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) কর্তৃক ইতঃপূর্বে বাস্তবায়িত এবং চালুকৃত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার তালিকা নির্ধারিত ছকে আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২-৫-২০২৩
ড. মির্জা মোফাজ্জল ইসলাম
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: +৮৮০২৯৯৬৬-৬৭৮৩৪
ফ্যাক্স: +৮৮০২৯৯৬৬-৬৭৮৪২
ইমেইল: dg@bina.gov.bd

সচিব
সচিবের দপ্তর
কৃষি মন্ত্রণালয়

**দৃষ্টি আকর্ষণঃ** সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১২.২৪.০০০০.৩০৬.৩৪.০১০.২০.১০/১ তারিখ: ১৯ বৈশাখ ১৪৩০
০২ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়

২-৫-২০২৩
মোঃ শিবলী সাদিক
প্রোগ্রামার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রণালয়/বিভাগের নাম: কৃষি মন্ত্রণালয়
সংস্থার নামঃ বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট

বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম ও তারিখ | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ১. | ভার্মি কম্পোষ্ট উৎপাদনে ক্ষুদ্র উদ্যোক্তা তৈরি<br><br>তারিখঃ ১৬-০৩-২০২২ | বিনা উদ্ভাবিত ভার্মি কম্পোষ্ট প্রযুক্তি ব্যবহার করে বিনা'তে ভার্মি কম্পোষ্ট বা কেঁচো সার তৈরি করা হয়। ব্যবহারকারী/কৃষকের আবেদনের মাধ্যমে বিনা থেকে ক্রয় করে নিয়ে যায়। বিনা'র পক্ষে একসাথে বেশি পরিমাণ কৃষককে সেবাটি দেয়া সম্ভব হয় না, কারন ভার্মি কম্পোষ্ট তৈরি করতে প্রচুর পরিমান জৈব পদার্থের প্রয়োজন হয়। । "ভার্মি কম্পোষ্ট উৎপাদনে ক্ষুদ্র উদ্যোক্তা তৈরি"র মাধ্যমে উল্লেখিত সমস্যার সমাধান করা হয়েছে। | চালু আছে। ময়মনসিংহ সদর, মাগুরা সদর, ঈশ্বরদী সদর ও রংপুর সদর থেকে ১৫ জন করে মোট ৬০ জন কৃষককে ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে নির্বাচন করা হয়। | কৃষক নিজেই উদ্যোক্তা হয়ে ভার্মি কম্পোস্ট তৈরি করে নিজের জমিতে প্রয়োগ করছে ও বাড়তি বিক্রয় করে পারিবারিক আয় বৃদ্ধি করছে। | প্রযোজ্য নয়। | |
| ২. | "বিনা ডায়েরী" মোবাইল অ্যাপ<br><br>তারিখঃ ১৬-০৬-২০২১ | বিনা'র অভ্যন্তরীণ যোগাযোগ ব্যবস্থার উন্নতি ও সহজলভ্য করার উদ্দেশ্যে "বিনা ডায়েরী" নামে একটি এন্ড্রয়েড মোবাইল এপ্লিকেশন তৈরি করা হয়। প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা/কর্মচারীর মোবাইল নম্বর বা ইমেইল এড্রেস সংগ্রহে রাখার জন্য এই সেবাটি তৈরি করা হয়। সেবাটিতে বিনা'র সকল স্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও জরুরী সেবা সমূহের মোবাইল নাম্বার, ইমেইল এড্রেস ও ছবিসহ অন্যান্য তথ্য এতে অন্তর্ভুক্ত করা হয়েছে। | চলমান রয়েছে। | ব্যবহারকারীগণ নিয়মিত ব্যবহার করছে। | https://drive.google.com/file/d/1L5mDKR9HqieTupKu4FVU1WgIG0IvTwxu/view?usp=sharing | |
| ৩. | প্রজনন বীজ প্রাপ্তি সহজিকরণ | পূর্বে একাধিক দপ্তরের রেজিস্টারে আবেদন নিবন্ধন প্রয়োজন হতো। বর্তমানে | চলমান রয়েছে। | পূর্বের থেকে কম সময়ে | প্রযোজ্য নয়। | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | তারিখঃ ২৭-১২-২০২১ | এক দপ্তরের রেজিস্টারে আবেদন নিবন্ধন হয়। বিএডিসি/বিভিন্ন বীজ কোম্পানী হতে বীজের চাহিদা প্রাপ্তির আবেদন গ্রহণের পর মহাপরিচালক অনুমোদন প্রদান করেন এবং সংশ্লিষ্ট ব্রিডার/ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপকেন্দ্র) বীজ বিতরণ করেন । | | সরকার নির্ধারিত মূল্য প্রজনন বীজ নিতে পারছেন। | | |
| ৪. | অন লাইন চাকুরীর আবেদন<br><br>তারিখঃ ১৮-১২-২০১৯ | বিনা'য় নিয়োগ প্রদানের নিমিত্ত চাকুরী প্রার্থীদের আবেদন প্রক্রিয়া উক্ত সেবাটির মাধ্যমে সম্পন্ন করা হয়ে থাকে। | চলমান রয়েছে। | সেবাটির মাধ্যমে ইতোমধ্যে দুইটি নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং আরেকটি নিয়োগ কার্যক্রম চলমান আছে। | http://bina.teletalk.com.bd/ | |
| ৫. | "বিনা কৃষি প্রযুক্তি" মোবাইল অ্যাপ<br><br>তারিখঃ ২৩-০১-২০১৯ | "বিনা কৃষি প্রযুক্তি" একটি কৃষি প্রযুক্তি ভিত্তিক মোবাইল এপ্লিকেশন। অ্যাপটিতে বিনা উদ্ভাবিত সকল জাতের ফসলের তথ্য ও চাষাবাদ পদ্ধতি সন্নিবেশিত রয়েছে। অ্যাপটির মাধ্যমে ব্যবহারকারী বিনা উদ্ভাবিত ধান, গম, ডাল, তৈলবীজ, মসলা, সবজি, ফল ইত্যাদি ফসলের তথ্য জানতে পারবেন। এছাড়াও<br>একজন ব্যবহারকারী বিনা উদ্ভাবিত বিভিন্ন ধরনের ফসলের রোগবালাই, পোকামাকড় ও সার ব্যবস্থাপনা সহ অন্যান্য তথ্য জানতে পারবেন। | চলমান রয়েছে। | ব্যবহারকারী গণ খুব সহজে বিনা উদ্ভাবিত বিভিন্ন ধরনের ফসলের রোগবালাই, পোকামাকড় ও সার ব্যবস্থাপনা তথ্য জানতে পারছেন। | https://play.google.com/store/apps/details?id=com.bina.bd | |
| ৬. | "বিনা বীজ বিতরণ ব্যবস্থা" ওয়েব এপ্লিকেশন<br><br>তারিখঃ ২৯-১২-২০২১ | "বিনা বীজ বিতরণ ব্যবস্থা" বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) কর্তৃক উদ্ভাবিত একটি ডিজিটাল সার্ভিস। "বিনা বীজ বিতরণ ব্যবস্থা" এর প্রধান উদ্দেশ্য হলো বিনা প্রধান কার্যালয়, ১৩ টি উপকেন্দ্র এবং একটি আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে বিনা কর্তৃক উদ্ভাবিত বিভিন উন্নত জাতের বীজ এর উৎপাদন এবং সারা দেশের কৃষক ও অন্যান্য প্রতিষ্ঠানে সুষ্ঠুভাবে বিতরণ ব্যবস্থার একটি কম্পিউটার প্রোগ্রাম বা সফটওয়্যার । কোন ফসলের বা জাতের কি পরিমান বীজ | চলমান রয়েছে। | কি পরিমান বীজ উৎপাদিত হয়েছে এবং বিতরণ করা হয়েছে তা খুব সহজেই এই সফটওয়্যারের মাধ্যমে জানা যাচ্ছে। | https://bina.info/stock/ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | উৎপাদিত হয়েছে এবং কি পরিমাণ বিতরণ করা হয়েছে তা খুব সহজেই এই সফটওয়্যারের মাধ্যমে জানা যাবে। | | | | |
| ৭. | অন লাইন জার্নাল<br>তারিখঃ ১৫-০২-২০২১ | "বিনা অনলাইন জার্নাল" একটি কৃষি গবেষনা বিষয়ক জার্নাল ওয়েব এপ্লিকেশন। "বিনা অনলাইন জার্নাল" এর প্রধান উদ্দেশ্য হলো "বাংলাদেশ জার্নাল অব নিউক্লিয়ার এগ্রিকালচার (বিজেএনএ)" এ প্রকাশিত সকল রিসার্চ পেপার বৃহত্তর পাঠক মহলের দৃষ্টিগোচর করা এবং বিনা কোন কোন ক্ষেত্রে গবেষণা করে তা সকলকে জ্ঞাত করা। গুগল বা অন্যান্য জনপ্রিয় সার্চ ইঞ্জিনের মাধমে খুব সহজেই যে কোন বিষয়ে প্রকাশিত গবেষনা প্রবন্ধ খুজে পাওয়া যাবে। | চলমান রয়েছে। | "বাংলাদেশ জার্নাল অব নিউক্লিয়ার এগ্রিকালচার (বিজেএনএ)" এ প্রকাশিত সকল রিসার্চ পেপার নিয়মিত আপলোড করা হচ্ছে। | https://bjna.info/ | |
| ৮. | অর্জিত ছুটির ব্যবস্থাপনা<br><br>তারিখঃ জানুয়ারী ,২০২১ | অর্জিত ছুটি অনুমোদনের বিদ্যমান প্রক্রিয়াকে দ্রুত ও সহজীকরণ করার উদ্দেশ্যে সেবাটি বাস্তবায়ন করা হয়েছে। | চলমান রয়েছে। | সহজিকৃত সেবাটি ব্যবহারে দ্রুত সেবা দেওয়া সম্ভব হচ্ছে। | প্রযোজ্য নয়। | |
| ৯. | বীজ গ্রহীতার জন্য গেইট পাশ সহজিকরণ<br>তারিখঃ ১০-১০-২০১৯ | পূর্ব নিয়মে বীজ ক্রয়ের জন্য কৃষককে ২/৩ দপ্তরে যেতে হতো। নতুন নিয়মে কৃষককে কোন দপ্তরে যাওয়ার প্রয়োজন নেই। তাছাড়া, কৃষককে ক্রয়কৃত বীজ অফিসের বাহিরে নেয়ার জন্য গেইট পাস সংগ্রহ করতে হতো। নতুন নিয়মে কোন গেইট পাশ প্রয়োজন হয় না। মানি রিসিটটি গেইট পাস হিসাবে গন্য হয়। | চলমান রয়েছে। | সেবাটি সহজিকৃত হওয়ার ফলে কৃষকের হয়রানি কম হয় এবং সময় কম লাগে। | প্রযোজ্য নয়। | |